



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ২৬.০৮.২০২৩

প্রেস রিলিজ

পাবিপ্রবিতে শিক্ষকদের জন্য প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ শনিবার নগর ও অঞ্চল পরিকল্পনা (ইউআরপি) বিভাগের শিক্ষকদের জন্য 'আউটকাম বেজড এডুকেশন কারিকুলাম ডেভেলপমেন্ট' বিষয়ের ওপর এক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। কর্মশালাটি উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন।



কর্মশালায় রিসোর্স পারসন ছিলেন খুলনা বিশ্ববিদ্যালয়ের নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের সহযোগী অধ্যাপক মো. মোস্তাফিজুর রহমান। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর পরিচালক অধ্যাপক ড. মীর খালেদ ইকবাল চৌধুরী। সার্বিক তত্ত্বাবধানে ছিলেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. শেখ রাসেল আল-আহম্মেদ এবং সহযোগী অধ্যাপক ড. মো. নূর আলম।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

উদ্বোধনী কর্মশালায় উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন বলেন, প্রতিটি কাজে একটি সিস্টেম দাঁড় করাতে হবে।
টিমভিত্তিক কাজ করলে সহজে ও সূক্ষ্মভাবে যেকোনো কাজ করা সম্ভব।

কিছু সীমাবদ্ধতার মধ্যেও আমরা এগিয়ে যাচ্ছি। নিয়মের মধ্যে থেকেই প্রতিটি কাজ করতে চাই। ওবেই
কারিকুলামের মাধ্যমে যুগোপযোগী শিক্ষা আমাদের বাস্তবায়ন করতে হবে। নিয়মের মধ্যে থাকলে সামনে আগানো
সহজ ও যেকোনো সমস্যার দ্রুত সমাধান করা সম্ভব। বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আমরা
সম্মিলিতভাবে কাজ করছি এবং ক্রমান্বয়ে এগিয়ে যাচ্ছি।

ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল-এর উদ্যোগে নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের সকল শিক্ষক
প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। সকাল ১০টায় শুরু হয়ে দুপুর পর্যন্ত কর্মশালা চলে। কর্মশালাটি বিশ্ববিদ্যালয়ের
কেন্দ্রীয় গ্রন্থাগার ভবনের ভার্চুয়াল শ্রেণিকক্ষে অনুষ্ঠিত হয়।

বার্তা প্রেরক

মো.বাবুল হোসেন

জনসংযোগ কর্মকর্তা

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

০১৯১৩৩৭৬৯২৫